

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৩৩.০০১.২৩-১২

তারিখ: ২৭ পৌষ ১৪৩২
১১ জানুয়ারি ২০২৬

বিষয়: হজ ২০২৬ সনের সৌদি সরকারের নির্দেশনা এবং হজ প্যাকেজ ও গাইডলাইন ২০২৬ প্রতিপালন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হিজরি ১৪৪৭/২০২৬ সনের হজযাত্রীদের হজ ফ্লাইট আগামী ১৮ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখ হতে শুরু হবে। সৌদি সরকারের নির্দেশনা অনুযায়ী এক সার্ভিস কোম্পানির হজযাত্রী একই ফ্লাইটে সৌদি আরবে প্রেরণ করতে হবে। এছাড়া হজ প্যাকেজ ও গাইডলাইন ২০২৬ অনুযায়ী প্রত্যেক এজেন্সির মোট হজযাত্রীর কমপক্ষে ২০% প্রি-হজ ফ্লাইটের মধ্যবর্তী পর্যায়ে এবং প্রথম ও শেষ পর্যায়ে ৩০%-৫০% হজযাত্রী সৌদি আরবে প্রেরণ করতে হবে। তবে প্রি-হজ ফ্লাইটের প্রথম বা শেষ পর্যায়ে ৩০% এর কম এবং ৫০% এর অধিক হজযাত্রী প্রেরণ করা যাবে না।

০২। বর্ণিতাবস্থায়, সৌদি সরকারের নির্দেশনা অনুযায়ী এক সার্ভিস কোম্পানির হজযাত্রী একই ফ্লাইটে সৌদি আরবে প্রেরণ এবং প্রত্যেক এজেন্সির মোট হজযাত্রীর কমপক্ষে ২০% প্রি-হজ ফ্লাইটের মধ্যবর্তী (১১ দিন) সময়ে এবং প্রথম ও শেষ পর্যায়ে ৩০%-৫০% হজযাত্রী প্রেরণের নিমিত্ত বিমান টিকেট ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রি-হজ ফ্লাইটের প্রথম বা শেষ পর্যায়ে ৩০% এর কম এবং ৫০% এর অধিক হজযাত্রী প্রেরণ করা যাবে না।

০৩। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বিষয়টি অতীব জরুরি।


০২/০১/২০২৬
মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৯
e-mail: hajj_sec1@mora.gov.bd

স্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার

২০২৬ সনের হজ কার্যক্রম পরিচালনাকারী সকল লিড এজেন্সি।

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি., কুর্মিটোলা, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৩. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৪. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (www.mora.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)।
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা।
৮. কান্ট্রি ম্যানেজার, সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্স লি., ১৩৪ গুলশান এভিনিউ, ঢাকা।
৯. সেলস এন্ড মার্কেটিং ম্যানেজার (হজ এন্ড ওমরাহ), ফ্লাইনাস এয়ারলাইন্স লি., ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ঢাকা (পত্রটি হজ পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১১. স্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার, ২০২৬ সনের হজ কার্যক্রম পরিচালনাকারী সকল সমন্বয়কারী এজেন্সি (বর্ণিত পদ্ধতিতে বিমান টিকেট ইস্যুর বিষয়ে লীড এজেন্সিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে)।
১২. অফিস কপি।